

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ কাফের জ্বিনরাও জাহান্নামী রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কাফের জিনরাও জাহান্নামী

মানুষের মতই জ্বিনদেরও ভাল-মন্দ উভয়ই আছে। ভাল জ্বিনরা যেমন জান্নাতে যাবে, তেমনি খারাপ জ্বিনরা যাবে জাহান্নামে। মহান আল্লাহ উভয় জাতিকেই ইবাদতের নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন,

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنسَ إِلَّا لِيَعْبُدُونِ

অর্থাৎ, আমি সৃষ্টি করেছি জ্বিন ও মানুষকে কেবল এ জন্য যে, তারা আমারই ইবাদত করবে। (যারিয়াতঃ ৫৬) সুতরাং ইবাদত না করলে জাহান্নামে যেতে হবে। জ্বিনকেও হাশরের ময়দানে জমায়েত করা হবে। মহান আল্লাহ বলেছেন,

وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيعًا يَا مَعْشَرَ الْجِنِّ قَدِ اسْتَكْثَرْتُم مِّنَ الْإِنسِ اَ وَقَالَ أَوْلِيَا وَّهُم مِّنَ الْإِنسِ رَبَّنَا اسْتَمْتَعَ بَعْضُنَا بِبَعْضِ وَبَلَغْنَا أَجَلَنَا الَّذِي أَجَلَنَا الَّذِي أَجَلَنَا الَّذِي أَجَلُتَ لَنَا الْاَالُ النَّارُ مَثْوَاكُمْ خَالِدِينَ فِيهَا إِلَّا مَا شَاءَ اللَّهُ اَ إِنَّ رَبَّكَ حَكِيمٌ عَلِيمٌ

অর্থাৎ, যেদিন তিনি তাদের সকলকে একত্র করবেন (এবং বলবেন,) 'হে জিন সম্প্রদায়! তোমরা অনেক মানুষকে তোমাদের অনুগত করেছিলে। আর মানব-সমাজের মধ্যে তাদের বন্ধুগণ বলবে, হে আমাদের প্রতিপালক। আমরা পরস্পর পরস্পর দ্বারা লাভবান হয়েছি এবং তুমি আমাদের জন্য যে সময় নির্ধারিত করেছিলে এখন আমরা তাতে উপনীত হয়েছি। আল্লাহ বলবেন, জাহান্নামই তোমাদের বাসস্থান, সেখানে তোমরা চিরদিন থাকবে; যদি না আল্লাহ অন্য রকম ইচ্ছা করেন। নিশ্চয়ই তোমার প্রতিপালক প্রজ্ঞাময়, সবিশেষ অবহিত। (আনআমঃ ১২৮)

فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَالشَّيَاطِينَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيًّا (68) ثُمَّ لَنَنزِعَنَّ مِن كُلِّ شِيعَةٍ أَيُّهُمْ أَشَدُّ عَلَى الرَّحْمُن عِتِيًّا (69) ثُمَّ لَنَحْنُ أَعْلَمُ بِالَّذِينَ هُمْ أَوْلَىٰ بِهَا صِلِيًّا (70)

অর্থাৎ, সুতরাং শপথ তোমার প্রতিপালকের! আমি অবশ্যই তাদেরকে এবং শয়তানদেরকে সমবেত করব। অতঃপর আমি অবশ্যই তাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামের চতুর্দিকে উপস্থিত করব। অতঃপর প্রত্যেক দলের মধ্যে যে পরম দয়াময়ের প্রতি সর্বাধিক অবাধ্য আমি তাকে টেনে অবশ্যই বের করব। তারপর আমি অবশ্যই তাদের মধ্যে যারা জাহান্নাম প্রবেশের অধিকতর যোগ্য তাদের বিষয়ে অধিক অবগত। (মারয়ামঃ ৬৮-৭০) জাহান্নামে প্রবেশ করতে আদেশ দিয়ে বলা হবে.

ادْخُلُوا فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِن قَبْلِكُم مِّنَ الْجِنِّ وَالْإِنسِ فِي النَّارِ اَ كُلَّمَا دَخَلَتْ أُمَّةٌ لَّعَنَتْ أُخْتَهَا اَ حَتَّىٰ إِذَا ادَّارَكُوا فِيهَا جَمِيعًا قَالَتْ أُخْرَاهُمْ لِأُولَاهُمْ رَبَّنَا هُؤُلَاءِ أَضَلُّونَا فَآتِهِمْ عَذَابًا ضِعْفًا مِّنَ النَّارِ اَ قَالَ لِكُلِّ ضِعْفٌ وَلَكِن لَّا تَعْلَمُونَ

অর্থাৎ, তোমাদের পূর্বে যে জ্বিন ও মানবদল গত হয়েছে তাদের সাথে তোমরা দোযখে প্রবেশ কর। যখনই কোন দল তাতে প্রবেশ করবে, তখনই অপর দলকে তারা অভিসম্পাত করবে। পরিশেষে যখন সকলে। ওতে একত্র



হবে, তখন তাদের পরবর্তীরা পূর্ববর্তীদের সম্পর্কে বলবে, হে আমাদের প্রতিপালক! ওরাই আমাদেরকে বিভ্রান্ত করেছিল, সুতরাং তুমি ওদেরকে দোযখের দ্বিগুণ শাস্তি দাও। আল্লাহ বলবেন, প্রত্যেকের জন্য দ্বিগুণ রয়েছে; কিন্তু তোমরা জান না। (আ'রাফ ৩৮) সুতরাং জ্বিনরা জাহান্নামে প্রবেশ করবে। যেমন আল্লাহ বলেন,

অর্থাৎ, অতঃপর ওদের এবং পথভ্রষ্টদের অধোমুখী করে জাহান্নামে নিক্ষেপ করা হবে এবং ইবলীসের বাহিনীর সকলকেও। (শুআরাঃ ৯৪-৯৫)

মহান আল্লাহর প্রতিশ্রুতি, তিনি জ্বিন-ইনসান দিয়ে জাহান্নাম পরিপূর্ণ করবেন। তিনি বলেছেন,

অর্থাৎ, আমি জিন ও মানুষ উভয় দ্বারা জাহান্নাম পূর্ণ করবই' তোমার প্রতিপালকের এই বাণী পূর্ণ হবেই। (হূদঃ ১১৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12228

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন